যুগান্তর

তারিখ 17 AUG 2016
পৃষ্ঠা ৩৭ কলাম ২

# পুঠিয়ায় রাজাকারের প্রতিষ্ঠিত কলেজ জাতীয়করণে তালিকাভুক্ত প্রতিবাদে মানববন্ধন

পুঠিয়া (রাজশাহী) প্রতিনিধি

রাজশাহীর পুঠিয়ায় শোকের মাসে মুক্তিযুদ্ধের সংগঠকের প্রতিষ্ঠিত লস্করপুর ডিগ্রি কলেজ জাতীয়করণ তালিকা থেকে বাদ দিয়ে রাজাকারের প্রতিষ্ঠিত কলেজকে তালিকাভুক্ত করায় এলাকাবাসী মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ করেছেন। মঙ্গলবার বেলা ১১টায় কলেজের ছাত্রছাত্রী ও এলাকাবাসীর আয়োজনে উপজেলা সদরে মহাসড়কের দু'পাশে প্রায় ঘণ্টাব্যাপী মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ আয়োজন করা হয়। প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন সাবেক এমপি ও অত্র কলেজের অধ্যাপক আবুল হোসেন, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আহসানুল হক মাসুদ, পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহরিয়ার রহিম কনক, রাজশাহী জেলা ছাত্রলীগের সভাপতি হাবিবুর রহমান, উপজেলা ছাত্রলীগের আহ্বায়ক রুবেল হোসেন, পুঠিয়া উপজেলা ব্যবসায়ী সমিতির যুগ্ম আহ্বায়ক ইব্রাহিম সরকার প্রমুখ। প্রতিবাদ সভায় বক্তারা বলেন, শোকের মাসে সরকারি নিয়ম অমান্য করে পুঠিয়া সদরে অবস্থিত মুক্তিযুদ্ধের সংগঠক মরহুম খলিফা আবদুর রহিমের প্রতিষ্ঠিত লস্করপুর ডিগ্রি কলেজের নাম তালিকা থেকে বাদ দেয়া হয়। একটি মহল গভীর ষড়যন্ত্র করে পুনরায় পুঠিয়া সদর থেকে ১০ কিমি. দূরে অবস্থিত চিহ্নিত রাজাকার আয়েন উদ্দীনের প্রতিষ্ঠিত বানেশ্বর ডিগ্রি কলেজের নাম তালিকাভুক্ত করা আমাদের জন্য অত্যন্ত দুঃখজনক ঘটনা।